

পদ্মা

মূল বক্তব্য ও নামকরণ

আবহমান কাল ধরে বয়ে চলা পদ্মার বৈচিত্র্যময় রূপ ও বাংলার মানুষের জীবন-জীবিকার সঙ্গে এর জড়িয়ে থাকার যে ঘনিষ্ঠতা তা কাব্য শিল্পে উপস্থাপিত হয়েছে। পদ্মার প্রচণ্ড শ্রোত যেমন মানুষের সাজানো বাগান ভাসিয়ে নিয়ে যায়, তেমনি এর পলির উর্বরতা মানুষের প্রাণে বেঁচে থাকার স্পন্দন জাগায়। তাই কবি মনে করেন, পদ্মার ধ্বংসাত্মক রূপ থাকলেও এর কল্যাণময়ী বৈশিষ্ট্য মানবজীবনের সাথে মিলেমিশে একাকার হয়ে আছে। পদ্মা বাংলার স্থবির জনজীবনে দেয় মুক্তির দিশা। পদ্মা নদীকে ঘিরে কবিতার মূল বক্তব্য উপস্থাপিত হওয়ায় কবিতার নামকরণ যথার্থ হয়েছে।